

তারিখ: ০৯/০৪/২০২১

বরাবর

প্রধান শিক্ষক

গগন মোমোরিয়াল মাধ্যমিক বিদ্যালয়

বরগুনা সদর, বরগুনা।

বিষয়: উপবৃত্তির জন্য আবেদন।

জনাব,

যথাবিহিত সম্মান প্রদর্শনপূর্বক সবিনয় নিবেদন এই যে, আমি আপনার বিদ্যালয়ের বিদ্যালয়ের ১০ম শ্রেণির একজন নিয়মিত ছাত্র। আমার বাবা একজন দরিদ্র কৃষক। আমার বাবা'ই আমাদের পরিবারের একমাত্র উপার্জনক্ষম ব্যক্তি। গত কয়েকমাস ধরে আমার বাবা শারীরিকভাবে খুবই অসুস্থ। তাই আমার বাবার পক্ষে পরিবারের খরচ বহন করার পর আমাদের ৪ ভাই-বোনের পড়াশোনার খরচ চালানো খুবই কষ্টসাধ্য হয়ে উঠেছে।

অতএব, জনাবের নিকট আকুল আবেদন এই যে, আমার উপরোক্ত আর্থিক সমস্যার কথা বিবেচনা করে আমাকে উপবৃত্তি প্রদানে জনাবের নিকট মর্জি প্রার্থনা করছি।

বিনীত নিবেদক

আপনার একান্ত বাধ্যগত ছাত্র

শাহরিয়ার তানজিদ শাওন

১০ম শ্রেণি

বিভাগ: মানবিক

রোল নং ০১